গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১৩/২০১৮-২০১৯
ঢাকা, শুক্রবার ১০ মে ২০১৯, ২৭ বৈশাখ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিচারক নিয়োগে স্বচ্ছতা নিশ্চিতের আহ্বান রাষ্ট্রপতির
২। সংসদে পাস হওয়া তিন বিলে রাষ্ট্রপতির সম্মতি
৩। অর্থ পাচারকারী খুনিকে শাস্তি পেতেই হবে : লন্ডনে প্রধানমন্ত্রী
৪। লন্ডন সফর শেষে আগামীকাল দেশে ফিরছেন প্রধানমন্ত্রী
৫। আর্থ-সামাজিক মুক্তি ছাড়া স্বাধীনতা অর্থবহ হবে না : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৬। বিএনপি গণতন্ত্রের জন্য বড় হুমকি : তথ্যমন্ত্রী
৭। বিশ্বে প্রবৃদ্ধির শীর্ষ বিশে থাকবে বাংলাদেশ :
বিশ্বব্যাংকের প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের অর্থমন্ত্রী
৮। আগামী ২০২২ সালের মধ্যে বাংলাদেশ জলাতঙ্ক মুক্ত হবে : স্বাস্থ্যমন্ত্রী
৯। বাজার মনিটরিংয়ে ডিজিটাল মূল্য তালিকা প্রদর্শন করা হবে : ডিএসসিসি মেয়র
১০। ফণীর আঘাতে ৫৩৬ কোটি ৬১ লাখ টাকার ক্ষতি :
আন্তঃমন্ত্রণালয় সভা শেষে ত্রাণ প্রতিমন্ত্রী
১১। ১৬ উপজেলায় পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের ভোট গ্রহণ আগামী ১৮ জুন

চলমাপন পাতা-২

১। **বিচারক নিয়োগে স্বচ্ছতা নিশ্চিতের আহ্বান রাষ্ট্রপতির**

মেধাবী ও যোগ্য প্রার্থীদের বিচারক হিসেবে নিয়োগ পাওয়া নিশ্চিত করতে পরীক্ষায় প্রতিটি পর্যায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (৯ মে বৃহস্পতিবার) বঙ্গভবনে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের একটি প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাতে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন কমিশনের চেয়ারম্যান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। রাষ্ট্রপতি আরো বলেন, জুডিসিয়াল সার্ভিস কমিশনের অধীন সব শূন্য পদে নিয়োগ দিতে সকল পর্যায়ে জবাবদিহিতা নিশ্চিত করতে নিয়মিত নিয়োগ পরীক্ষা হতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮)।

২। **সংসদে পাস হওয়া তিন বিলে রাষ্ট্রপতির সম্মতি**

একাদশ সংসদের দ্বিতীয় অধিবেশনে পাস হওয়া তিনটি বিলে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সম্মতি প্রদান করেছেন। সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল (৯ মে বৃহস্পতিবার) এ কথা জানানো হয়। সম্মতি দেওয়া বিল তিনটি হচ্ছে, উদ্ভিদের জাত সংরক্ষণ বিল-২০১৯, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিল-২০১৯ এবং বীমা কর্পোরেশন বিল-২০১৯। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

৩। **অর্থ পাচারকারী খুনিকে শাস্তি পেতেই হবে : লন্ডনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, খুনি ও অর্থ-পাচারকারীদের অবশ্যই শাস্তি হবে। গতকাল (৯ মে বৃহস্পতিবার) লন্ডনের তাজ হোটেলে এক মতবিনিময় সভায় প্রধানমন্ত্রী বলেন, আমরা বঙ্গবন্ধুর খুনি ও যুদ্ধাপরাধীদের বিচার করেছি। খুনি ও অর্থপাচারকারীরা যেখানেই লুকিয়ে থাকুক, তাঁদের কোনো ক্ষমা নেই এবং জাতি তাদের ক্ষমা করবে না। আদালত খুনি ও অর্থপাচারকারীদের বিরুদ্ধে রায় দিয়েছে। আমরা এ রায় কার্যকরের পদক্ষেপ নেবো। প্রধানমন্ত্রী আরো বলেন, দেশের অভূতপূর্ব উন্নয়নে বিশ্বব্যাপী বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তৈরি হয়েছে। বাংলাদেশের বর্তমান উন্নয়ন কৌশল জানতে অনেক রাষ্ট্রই এখন আগ্রহী। দ্রুত বিকাশমান অর্থনীতির দেশ বাংলাদেশের এ উন্নয়নের ধারা অব্যাহত রাখতে দলীয় নেতাকর্মীদের প্রতি স্ব স্ব অবস্থান থেকে ভূমিকা রাখার আহ্বান জানান তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

৪। **লন্ডন সফর শেষে আগামীকাল দেশে ফিরছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে **১০** দিনের সরকারি সফর শেষে আগামীকাল **১১** মে শনিবার দেশে ফিরছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব জানান, আজ (১০ মে শুক্রবার) স্থানীয় সময় সন্ধ্যা ৬টায় লন্ডনের হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিনি ঢাকার উদ্দেশে রওনা হবেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমানটি আগামীকাল **১১** মে শনিবার সকাল **১০**টা ২০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫)।

৫। **আর্থ-সামাজিক মুক্তি ছাড়া স্বাধীনতা অর্থবহ হবে না : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক বলেছেন, স্বাধীনতা তখনই অর্থবহ হবে, যখন মানুষের অর্থনৈতিক ও সামাজিক মুক্তি অর্জিত ও বাস্তবায়িত হবে। মুক্তিযুদ্ধের চেতনাকে শুধু পাঠ্যপুস্তকে সীমাবদ্ধ না রেখে হৃদয়ে লালন ও ধারণ করার মাধ্যমে শিক্ষার্থীদের বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক সোনার বাংলা গড়ে তুলতে প্রত্যয়ী হতে হবে। গতকাল (৯ মে বৃহস্পতিবার) ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ডিআইইউ) স্বাধীনতা দিবস শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১)।

৬। **বিএনপি গণতন্ত্রের জন্য বড় হুমকি : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, গণতন্ত্রের জন্য সবচেয়ে বড় হুমকি বিএনপি। অগণতান্ত্রিক প্রক্রিয়ায় সৃষ্টি হওয়া দলটি সব সময় গণতন্ত্রের গলা টিপে ধরতে চেয়েছে। বিএনপি'র শরিকরা এখন দল ছেড়ে পালাতে শুরু করছেন। ২০ দলের পর ঐক্যফ্রন্টেও ভাঙন শুরু হওয়ার কারণ বিএনপি দুর্বৃত্তদের দল। তারা এখন একটি জনবিচ্ছিন্ন ছোট দলে পরিণত হয়েছে। আমরা চাই দুর্বৃত্তের নেতৃত্ব থেকে বেরিয়ে এসে তারা দেশের স্বার্থে কাজ করুক। গতকাল (৯ মে বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবে বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী ড. এমএ ওয়াজেদ মিয়ার **১০**ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১)।

৭। **বিশ্বে প্রবৃদ্ধির শীর্ষ বিশে থাকবে বাংলাদেশ :**
**বিশ্বব্যাংকের প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের অর্থমন্ত্রী**

আগামী পাঁচ বছরের মধ্যে বিশ্ব অর্থনীতির প্রবৃদ্ধি অর্জনে প্রভাবশালী ২০ দেশের তালিকায় থাকবে বাংলাদেশ। ২০২৪ সালের মধ্যে বিশ্ব অর্থনীতিতে যেসব দেশ গুরুত্বপূর্ণ অবদান রাখবে সেগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। ভবিষ্যৎ বৈশ্বিক অর্থনীতি নিয়ে ব্লুমবার্গের এক বিশ্লেষণে বাংলাদেশের অর্থনীতির এমন সম্ভাবনা চিত্র উঠে এসেছে। গতকাল (৯ মে বৃহস্পতিবার) শেরেবাংলা নগরে বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর দানদান চেনের নেতৃত্বে সংস্থার একটি প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে অর্থমন্ত্রী আ. হ. ম. মুস্তফা কামাল সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫)।

৮। **আগামী ২০২২ সালের মধ্যে বাংলাদেশ জলাতঙ্ক মুক্ত হবে : স্বাস্থ্যমন্ত্রী**

আগামী ২০২২ সালের মধ্যে বাংলাদেশ জলাতঙ্ক ব্যাধিমুক্ত হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, দেশের চিকিৎসা ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে। পাশাপাশি চলছে বিভিন্ন রোগের ওপর একের পর এক গবেষণা। চিকিৎসা পদ্ধতির উন্নতিতে প্রয়োগ করা হচ্ছে গবেষণালব্ধ জ্ঞান। এভাবে পোলিওমুক্ত হয়েছে বাংলাদেশ। গতকাল (৯ মে বৃহস্পতিবার) রাজধানীর ফার্মগেট খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে কুকুরের টিকাদান কার্যক্রম' এর উদ্বোধনকালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭)।

৯। **বাজার মনিটরিংয়ে ডিজিটাল মূল্য তালিকা প্রদর্শন করা হবে : ডিএসসিসি মেয়র**

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র সাঈদ খোকন বলেছেন, শুধু রমজান মাসেই নয়, সারা বছর স্থায়ীভাবে বাজার মনিটরিংয়ের জন্য ডিএসসিসির ২১টি কাঁচাবাজারে মূল্য তালিকার ডিজিটাল বোর্ড স্থাপন করা হবে। নগরভবন থেকে প্রতিদিন মূল্য তালিকা হালনাগাদ করা হবে। তিনি আরও বলেন, রাজধানীতে মাংসের দাম কমাতে পশুরহাটে চাঁদাবাজি বন্ধের চেষ্টা চলছে। গতকাল (৯ মে বৃহস্পতিবার) হাতিরপুল কাঁচাবাজারে বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য পর্যবেক্ষণের সময় ব্যবসায়ীদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১)।

১০। **ফণীর আঘাতে ৫৩৬ কোটি ৬১ লাখ টাকার ক্ষতি :**
**আন্তঃমন্ত্রণালয় সভা শেষে ত্রাণ প্রতিমন্ত্রী**

ঘূর্ণিঝড় ফণীর আঘাতে দেশে মোট ৫৩৬ কোটি ৬১ লাখ ২০ হাজার টাকার ক্ষতি হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে ধানের। এ ক্ষতির পরিমাণ ২৫১ কোটি টাকা। এছাড়া সড়কের ক্ষতি হয়েছে ১৬১ কোটি ৬৩ লাখ টাকার। গতকাল (৯ মে বৃহস্পতিবার) সচিবালয়ে ঘূর্ণিঝড় ফণীর প্রভাবে সৃষ্ট ক্ষয়ক্ষতি নির্ধারণ ও পুনর্বাসন পরিকল্পনা প্রণয়নে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভা শেষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এনামুর রহমান একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২)।

১১। **১৬ উপজেলায় পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের ভোট গ্রহণ আগামী ১৮ জুন**

১৬ উপজেলায় পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে আগামী ১৮ জুন। আগামী ২১ মে পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়া যাবে এ ধাপে। গতকাল (৯ মে বৃহস্পতিবার) এসব উপজেলায় ভোটের তফসিল প্রজ্ঞাপন আকারে জারি করেছে নির্বাচন কমিশন। গত ৮ মে বুধবার ইসি সচিব বলেন, উপজেলা পরিষদের নির্বাচনে আরো একটি ধাপ বাড়ানো হয়েছে। আগস্টের পর ষষ্ঠ ধাপের ভোট অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের ঘটনা ঘটে এমন ৮০টি স্পটে আগে থেকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণসহ রেলওয়ে পুলিশের হাতে আগ্নেয়াস্ত্র রাখার ব্যবস্থা করার সুপারিশ।

খ. **সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** দুধ ও দগ্ধজাত পণ্যে মারাত্মক ক্ষতিকর রাসায়নিক উপাদান থাকার ব্যাপারে উচ্চ আদালতের প্রতিবেদন তুলে ধরে দুধ উৎপাদন, পরিবহণ, প্রক্রিয়াজাতকরণ ও সরবরাহ ব্যবস্থার প্রত্যেকটি স্তরে আরও নজরদারি বাড়ানোসহ দায়ীদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

গ. **সংবাদ :** বাল্যবিয়ে রোধে অভিভাবকদের মাঝে সচেতনতা সৃষ্টিকরাসহ কন্যাশিশুর অভিভাবকদের কিছু সুযোগ-সুবিধা দেওয়ার ব্যবস্থা করার আহ্বান।

ঘ. **যুগান্তর :** বন্ড সুবিধার অপব্যবহার করে দেশে অবাধে আমদানিকৃত কাগজ আনার ফলে দেশীয় কাগজ শিল্প হুমকির মুখে পড়ায় আমদানিকৃত কাগজের ওপর উচ্চ হারে শুল্ক আরোপ করার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** ঢাকা, যশোর ও খুলনার রাষ্ট্রায়ত্ত পাটকল শ্রমিকদের আন্দোলনের বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে সমস্যার সুরাহা করার প্রত্যাশা।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সম্প্রতি পরিচালিত বিএসটিআইয়ের অভিযানে খাদ্যে ভেজালের মাত্রা মারাত্মকভাবে বেড়ে যাওয়ার খবর প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে কঠোর আইনি পদক্ষেপের দ্বারা খাদ্যে ভেজাল প্রতিহত করার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক স্তর থেকে উচ্চশিক্ষা পর্যন্ত শারীরিক শিক্ষাকে জনপ্রিয় করা গেলে অপসংস্কৃতি ও নৈতিক অবক্ষয়ের চর্চা থেকে জাতিকে রক্ষা করা যাবে।

#

ডালিয়া/মরজিনা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা